

প্রবাসী কর্মীদেরকে গাড়

Version 2.0 - January 2010

প্রবাসী কর্মীদেরকে LMRA নিম্নবর্ণিত সেবা প্রদান করে থাকে

- প্রবাসী কর্মীর ওয়ার্ক পারমিট ইস্যু এবং নবায়ন। এছাড়া চাকুরী বদলের বিষয়টিও LMRA নিয়ন্ত্রন করে থাকে।
- প্রবাসী কর্মীর অভিবাসন পারমিট, এন্ট্রি এবং রি-এন্ট্রি ভিসা এবং তাঁর ও পরিবারের আইডি কার্ড (CPR) প্রদান সংক্রান্ত সকল কাজ LMRA করে থাকে।
- প্রবাসী কর্মীর মেডিকেল পরীক্ষা সংক্রান্ত সকল কাজ স্বাস্থ্য মন্ত্রনালয়ের সাথে সমন্বয় করে LMRA সম্পাদন করে থাকে।

গুরুত্বপূর্ণ নির্দেশাবলী

বাহরাইন আসার পূর্বে:

1. LMRA ওয়েব সাইটে (www.lmra.bh) ওয়ার্ক ভিসার নম্বর, পাসপোর্ট নম্বর অথবা CPR নম্বর ব্যবহার করে ওয়ার্ক ভিসার সত্যতা যাচাই করা যায়। (Figure 1)




Figure 1

2. নিম্নবর্ণিত দলিলপত্র অবশ্যই সাথে নিয়ে আসতে হবে:

- মূল পাসপোর্ট
- LMRA ইস্যুকৃত ভিসার একটি কপি
- চুক্তিনামার একটি কপি
- এক কপি 'নিকাহনামা' (পরিবারের সদস্যদের নিয়ে আসার ক্ষেত্রে)
- ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে)
- সকল যোগ্যতার সার্টিফিকেটসমূহ (যদি থাকে)

3. বাহরাইন আসার পূর্বে নিজদেশে মেডিকেল পরীক্ষা সম্পাদন করা যায়। দেশে মেডিকেল সেন্টারের তালিকা দেখার জন্য <http://clinics.lmra.bh> ভিজিট করুন।

বাহরাইন এয়ারপোর্টে প্রত্যাবর্তনের পর:

- এয়ারপোর্টে অবস্থিত LMRA অফিসে পাসপোর্ট ও ওয়ার্কভিসা প্রদর্শন করতে হবে। LMRA সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে আপনার আইড কার্ড (CPR), রেসিডেন্ট পাসপোর্ট, মেডিকেল পরীক্ষা সম্পাদনের ব্যবস্থা গ্রহন করবে।
- LMRA কর্তৃপক্ষ আপনার ছবি তুলবে, আঙ্গুলের ছাপ নিবে এবং আইডি কার্ড প্রদানের জন্য ই-স্বাক্ষর গ্রহন করবে (Figure 2)।
- আপনার আগমনের পর এগুলো প্রদান সম্ভব না হলে অবশ্যই আগমনের একমাস পূর্ণ হওয়ার পূর্বে LMRA -তে গিয়ে এসব কার্যক্রম সম্পন্ন করতে হবে।



Figure 2

গুরুত্বপূর্ণ নোটিশ : পরিবারের সদস্যদের বাহরাইনে আনার ক্ষেত্রে মনে রাখতে হবে যে, কখনোই আপনার বাহরাইনে আগমনের আগে তাদেরকে বাহরাইনে প্রেরন করা যাবে না। আপনার সাথে পরিবারের সদস্যদের বাহরাইনে আগমনে কোন বাধা নেই। পরিবারের প্রত্যেক সদস্যের আলাদা পাসপোর্ট থাকতে হবে। বাহরাইনে প্রবেশের পর:

বাহরাইনে বৈধভাবে এবং অব্যাহতভাবে অবস্থানের জন্য নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে:

- ওয়ার্ক পারমিটে বর্ণিত নিয়োগকর্তার অধীনে শুধুমাত্র তার প্রতিষ্ঠানে কাজ করতে হবে। সর্বাবস্থায় LMRA কর্মী ও পরিদর্শকদের সহযোগিতা করতে হবে।
 - পাসপোর্ট সর্বাবস্থায় নিজের কাছে রাখতে হবে, কাউকে পাসপোর্ট দেয় যাবে না। মালিকের কাছে রাখা ছাড়া পাসপোর্ট সর্বাবস্থায় নিজের কাছে থাকবে।
 - চুক্তিনামা অনুসারে কাজ করতে হবে।
 - ওয়ার্ক পারমিট বা চাকুরী বদলের জন্য কাউকে অর্থ প্রদানের প্রয়োজন নেই।
 - বাহরাইনের আইন ও সংস্কৃতি মেনে চলতে হবে।
 - নিয়োগকর্তার অনুমতি ব্যতিত ১৫ দিনের বেশী কাজে অনুপস্থিত থাকা যাবে না।
 - নিয়োগকর্তার সাথে কোন সমস্যা হলে শ্রম মন্ত্রনালয়ের সাথে যোগাযোগ করতে হবে (ফোন : ১৭৮৭ ৩৭৭৭)।
 - ওয়ার্ক পারমিট ইস্যু বা নবায়ন ব্যতীত কোথাও কাজ করা যাবে না।
- শ্রম আইন ও LMRA সম্পর্কে জানতে চাইলে কল সেন্টার-এ ফোন করতে পারেন (ফোন : ১৭৫০ ৬০৫৫) অথবা LMRA ওয়েব সাইট ভিজিট করতে পারেন (www.lmra.bh)

- মোবাইল ফোন ব্যবহার করে আপনার ভিসার বৈধতা যাচাই করতে পারেন। মোবাইলে ইচজ লিখে একটি স্পেস দিন এবং ইচজ নম্বরটি লিখুন। ইধঃবধপড় মোবাইলের ক্ষেত্রে ৯০১৬৮ এবং তধরহ মোবাইলের ক্ষেত্রে ৭৭০৭০ মেসেজ পাঠিয়ে ভিসার বৈধতা সম্পর্কে জানুন।

Expatriate Portal

আপনার ভিসা সংক্রান্ত তথ্য জানার জন্য উীচঃঃ চড়ঃঃধঃঃ ব্যবহার করুন।

Expatriate Portal (<http://expat.lmra.bh>) এ আপনার CPR নম্বর (আইডি নম্বর) ও পাসপোর্টের মেয়াদ শেষ হওয়ার তারিখ অন্তর্ভুক্ত করে আপনার ভিসা সংক্রান্ত সকল তথ্য জানতে পারেন।



Figure 3

এক নিয়োগকর্তা হতে অন্য নিয়োগকর্তার অধীনে চাকুরী পরিবর্তন

২০০৬ সালের ডিক্রি ১৯ এর অনুচ্ছেদ ২৫ এর ই ধারা অনুসারে একজন প্রবাসী কর্মী বর্তমান নিয়োগকর্তার অনুমতি ছাড়াই চাকুরী পরিবর্তন করতে পারে। তবে এক্ষেত্রে নিয়োগকর্তার অধিকার ব্যহত করা যাবে না অথবা চুক্তিনামার কোন শর্ত ভঙ্গ করা যাবে না।

প্রথমতঃ ওয়ার্ক ভিসার মেয়াদ বহাল থাকা অবস্থায়

ওয়ার্ক ভিসার মেয়াদ বহাল থাকা অবস্থায় অথবা ওয়ার্ক ভিসা বাতিল হওয়ার পূর্বে চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে প্রবাসী কর্মী রেজিস্টার্ড ডাকযোগে নিয়োগকর্তাকে নোটিশ করবেন যে তিনি চাকুরী পরিবর্তনে ইচ্ছুক। চাকুরী বদলের তারিখের অন্তত ৩ মাস পূর্বে অথবা বর্তমান চুক্তি অনুসারে এ নোটিশ প্রেরণ করতে হবে।

নতুন নিয়োগকর্তা প্রবাসী কর্মীকে তাঁর অধীনে নেয়ার জন্য 'সিদ্ধান্ত ৭৬, ২০০৮' অনুসারে খগজঅ-তে আবেদন করবেন। আবেদনের সাথে পূর্বতন নিয়োগকর্তাকে প্রেরিত নোটিশের একটি কপি এবং পূর্বতন নিয়োগকর্তা নোটিশটি পেয়েছেন এমন প্রমাণ সংযুক্ত করতে হবে।

দ্বিতীয়তঃ ওয়ার্ক ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়া বা বাতিল হয়ে যাওয়ার ক্ষেত্রে

যদি ওয়ার্ক ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ার অবস্থা হয় অথবা পূর্বের নিয়োগকর্তা ওয়ার্ক ভিসা বাতিল করে থাকে, সেক্ষেত্রে ভিসা শেষ হওয়ার ৩০ দিন পূর্বে অথবা ভিসা বাতিলের ৫ দিনের মধ্যে প্রবাসী কর্মী খগজঅ-এর কাছে চাকুরী পরিবর্তনের আবেদন জানাবেন। এক্ষেত্রে প্রবাসী কর্মীকে চাকুরী পরিবর্তনের জন্য ৩০ দিনের সময় (এংধপব চবঃঃঃঃঃ) প্রদান করা হবে। এই ৩০ দিন প্রবাসী কর্মী কারো অধীনে কাজ করতে পারবেন না।